



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
শস্য বিভাগ

www.barc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০৪.২৫.০০২.৮৭.২১৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৬

২৬ নভেম্বর ২০১৯

বিষয়: “Training on Global Plan of Action Reporting and Collection, Documentation of Plant Genetic Resources in Bangladesh” শীর্ষক প্রশিক্ষণে রিসোর্স স্পিকার ও পাঠদানের লেকচার নোট প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতিসংঘের টেকসই উন্নয়ন অভিষ্ট ২.৫.১ অনুসারে উদ্ভিদ কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনা অতীব জরুরী। বাংলাদেশ CBD এর স্বাক্ষরকারী দেশ হিসেবে ITPGRFA এর আওতায় উদ্ভিদ কৌলিসম্পদের তথ্যাবলী/ডাটা FAO এর প্রদত্ত ছক অনুযায়ী প্রদান করে আসছে। Global Plan of Action এর আওতায় বাংলাদেশের জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রাইভেট সেক্টরের Plant Genetic Resources এর সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনা তথ্যাদি FAO কর্তৃক WIEWS ওয়েব সাইটে আপলোড চলমান রয়েছে। Global Plan of Action এর রিপোর্টিং, উদ্ভিদ কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনা বিষয়ে জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের অন্তর্ভুক্ত গবেষণা প্রতিষ্ঠানসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রাইভেট সেক্টরের বিজ্ঞানী/কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ১৮-১৯ ডিসেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রশিক্ষণ ভবনে ০২ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে আপনাকে একজন রিসোর্স স্পিকার হিসেবে নির্বাচন করা হয়েছে। প্রশিক্ষণে আপনার পাঠদানের বিষয় “Conservation and Utilization of Plant Genetic Resources” | উল্লিখিত পাঠদানের বিষয়ের উপর লেকচার নোট তৈরি করে আগামী ১০ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে বিএআরসিতে প্রেরণের অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রশিক্ষকদের লেকচার নোটের সমন্বয়ে একটি ট্রেনিং ম্যানুয়াল তৈরী করে প্রশিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে। ই-মেইলে লেকচার নোট পাঠানোর ঠিকানা: Zilani71@gmail.com; masalamso@yahoo.com.

প্রশিক্ষণটি সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

২৬-১১-২০১৯

ড. মোঃ কবির ইকরামুল হক
নির্বাহী চেয়ারম্যান (চলতি দায়িত্ব)

চিফ সাইন্টিফিক অফিসার

কৌলি সম্পদ ও বীজ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০৪.২৫.০০২.৮৭.২১৭/১(২)


তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৬

২৬ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

২) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



২৬-১১-২০১৯

ড. মোঃ কবির ইকরামুল হক
নির্বাহী চেয়ারম্যান (চলতি দায়িত্ব)